REHAB

তারিখ: ১৬ আগস্ট, ২০২৬
স্মারক নং: রিহ্যাব/প্র:অপা:ডি:০০৭/ ট্রে.লা.ন-১/২০২৬/১৫২২৯

বরাবর
সম্মানিত সদস্য
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ

**বিষয়: 'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা' গ্রহণ প্রসঙ্গে।**

আসসালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহ্।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) আওতাভুক্ত রিহ্যাব সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও ডিএসসিসি -এর যৌথ উদ্যোগে ১৬ থেকে ২০ আগস্ট, ২০২৬ পর্যন্ত ডিসিসিআই ভবনে বিশেষ 'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা' প্রদান করা হবে।

**স্থান:** ডিসিসিআই ভবন (১২ তলা), ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা (মেট্রোরেল স্টেশনের উত্তর পাশে)।

**সময় সূচী:** ১৬ - ২০ আগস্ট, ২০২৬ (রবিবার থেকে বৃহস্পতিবার), সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা।

**জরুরি নিয়মাবলী:**

১. সেবাটি কেবল ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) আওতাভুক্ত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য)।

২. ঢাকা ব্যাংক, মধুমতি ব্যাংক বা ডাচ্-বাংলা ব্যাংকে অনলাইনের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

৩. প্রয়োজনীয় কাগজ: পূর্ববর্তী ট্রেড লাইসেন্স নবায়নের প্রিন্টেড কপি অবশ্যই সাথে আনতে হবে।

অতএব, সংশ্লিষ্ট সম্মানিত সদস্যদের নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হয়ে ট্রেড লাইসেন্স নবায়ন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,

(আব্দুর রাজ্জাক)
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

**সংযুক্তি:**
১. ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) হতে প্রাপ্ত সার্কুলার।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH • REHAB

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office** : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel** : (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail** : info@rehab-bd.org, **web** : www.rehab-bd.org
**Chattogram Regional Office** : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail** : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel** : 02334451441, 02334453884, 02334453885

CamScanner

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
Dhaka Chamber of Commerce & Industry
*The Best of Bangladesh is Business*®

ডিসি/প্রশাসন/ট্রেড লাইসেন্স নবায়ন সেবা/২০২৬/৬২৩ ০৯ আগস্ট, ২০২৬

Sl.No- 17038(1)
RECEIVED
Date: 16.08.26
Time: 5:00 PM
Signature:
REHAB

## বিশেষ সার্কুলার

## 'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা'

**সম্মানিত সদস্যবৃন্দ,**
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)
আসসালামু আলাইকুম,

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সম্মানিত সদস্যগণকে অধিকতর সেবা প্রদান ও বাণিজ্য সহজীকরণের অংশ হিসেবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)-এর যৌথ উদ্যোগে **আগামী ১৬ থেকে ২০ আগস্ট, ২০২৬ পর্যন্ত সপ্তাহব্যাপী ঢাকা চেম্বার ভবনে 'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা'** চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এই সময়কালে কেবলমাত্র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ডিসিসিআই'র সদস্যবৃন্দ ও অন্যান্য ব্যবসায়ীগণ নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্র জমাদান সাপেক্ষে ঢাকা চেম্বার ভবন থেকেই স্ব-স্ব ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন।

**'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা'**
**স্থান:** ডিসিসিআই ভবন (১২ তলা), ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ (মতিঝিল মেট্রোরেল স্টেশনের উত্তর পাশে)
**তারিখ:** ১৬ থেকে ২০ আগস্ট, ২০২৬
রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত

**বিশেষ নির্দেশনা:**

১. এ সেবাটি কেবলমাত্র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত ডিসিসিআই-এর সদস্যবৃন্দ এবং অন্যান্য ব্যবসায়ীদের জন্য প্রযোজ্য;
২. ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রমটি ডিএসসিসি কর্তৃক পরিচালিত এক ধরনের ওয়ান স্টপ সার্ভিস সেবা;
৩. **ঢাকা ব্যাংক / মধুমতি ব্যাংক / ডাচ্-বাংলা ব্যাংকে** অনলাইনের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে;
৪. একজন ব্যবসায়ী ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন;
৫. খাদ্য ব্যবসার ক্ষেত্রে তাৎক্ষণিক নবায়ন করা সম্ভব নয়; ডিএসসিসি কর্তৃক পর্যবেক্ষণ সাপেক্ষে প্রদান করা হবে;
৬. কেমিক্যাল ব্যবসার ট্রেড লাইসেন্স নবায়ন এ সেবার আওতাভুক্ত নয়;
৭. লাইসেন্স নবায়নের জন্য **পূর্ববর্তী নবায়নের প্রিন্টেড কপি** সঙ্গে আনতে হবে।

**'ট্রেড লাইসেন্স নবায়ন সেবা'** গ্রহণের জন্য আপনারা সাদরে আমন্ত্রিত। Seen.

ধন্যবাদান্তে,

**ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী**
**মহাসচিব (ভারপ্রাপ্ত)**

CORPORATE ADDRESS:
Dhaka Chamber Building, 65-66, Motijheel Commercial Area, Dhaka -1000, Bangladesh
BANGLADESH®